

বহিষ্কারের বিষয়ে ডাবির সেই শিক্ষক সাইফুলের বক্তব্য

ঢাকা বিশ্ববিদ্যালয় সিডিকেট সম্প্রতি থিয়েটার অ্যান্ড পারফরমেন্স বিভাগের বিভাগীয় প্রধান ও অধ্যাপক পদ থেকে ড. সাইফুল ইসলামকে স্থায়ীভাবে বহিষ্কার করেছে। এই বহিষ্কারের ব্যাপারে ড. সাইফুল গতকাল বুধবার বিভিন্ন গণমাধ্যমে পাঠানো এক সংবাদ দিক্‌শিত্তে তাঁর বক্তব্য তুলে ধরেছেন।

বিক্ৰান্তিতে ড. সাইফুল বলেন, 'সিডিকেটের সিদ্ধান্তে আমি ন্যায়বিচার পাইনি। আমার বিরুদ্ধে আনীত অভিযোগ সূষ্ঠ ও নিরপেক্ষভাবে তদন্ত না করেই কমিটি একতরফাভাবে সিদ্ধান্ত নিয়ে প্রতিবেদন দাখিল করেছে। আমাকে যথাযথভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি। অভিযোগকারী ছাত্রী ও বিভাগীয় শিক্ষকরা আমার বিরুদ্ধে যে অভিযোগপত্র দাখিল করেছেন সেই কপি পাওয়ার আইনগত অধিকার আমার থাকলেও তা থেকে বঞ্চিত করা হয়েছে। এমনকি জমাকৃত সিডির কপিও আমাকে শোনানো হয়নি। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স ১৯৭৩ অনুসারে কোনো শিক্ষককে শাস্তি প্রদান করার ক্ষেত্রে অবশ্যই ট্রাইব্যুনাল গঠন করতে হবে। কিন্তু তা না করেই আমাকে শাস্তি দেওয়া হয়েছে।'

ড. সাইফুল আরো বলেন, 'আমার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণভাবে অসত্য, মিথ্যা, বানোয়াট ও রাজনৈতিক ষড়যন্ত্রমূলক। আমার পেশাগত সাফল্যে ঈর্ষান্বিত হয়ে ও রাজনৈতিক হিংসাত্মক মনোভাবে একজন ছাত্রীকে দিয়ে ষড়যন্ত্রমূলক অভিযোগ এনে কতিপয় শিক্ষক এই কাজ করেছেন। আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের সাদা দলের যুগ আহ্বায়ক। আমার ধারণা, আমাকে শাস্তি দেওয়ার ক্ষেত্রে এই পরিচয়টাকে বড় করে দেখা হয়েছে। আমার বিশ্বাস, আমার বিরুদ্ধে ষড়যন্ত্র বিষয়ে গণমাধ্যম সক্রিয় ভূমিকা পালন করলে প্রকৃত সত্য বেরিয়ে আসবে।'